**যুগান্তর**

তারিখ ...... 1 MAY 2010
পৃষ্ঠা ...৩... কলাম ...২...

মাধ্যমিক শিক্ষক সমিতি

# পৃথক অধিদফতর প্রতিষ্ঠার দাবি

যুগান্তর রিপোর্ট

পৃথক মাধ্যমিক অধিদফতর প্রতিষ্ঠা, প্রথম শ্রেণীর মর্যাদা, জেলা-থানা শিক্ষা অফিসারের পদ পদোন্নতির মাধ্যমে পূরণ, তিন বছর পরপর বদলি ব্যবস্থা কার্যকরসহ বিভিন্ন দাবি জানিয়েছেন সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকরা। তাদের সংগঠন বাংলাদেশ সরকারি মাধ্যমিক সহকারী শিক্ষক সমিতির জাতীয় কাউন্সিল থেকে এসব দাবি জানানো হয়। শুক্রবার রাজধানীর আইডিইবি ভবনে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির চেয়ারম্যান রাশেদ খান মেনন এমপি। অন্যান্যের মধ্যে শিক্ষাবিদ ড. মুহম্মদ জাফর ইকবাল, ড. আসিফ নজরুল প্রমুখ উপস্থিত ছিলেন। সংগঠনের সভাপতি

দাবি : পৃষ্ঠা ৭ : কলাম ৬

## দাবি : প্রতিষ্ঠার

(৩য় পৃষ্ঠার পর)

মোফাজ্জল হোসেন এতে সভাপতিত্ব করেন। পরিচালনা করেন সাধারণ সম্পাদক একেএম বুলবুল। প্রধান অতিথি বলেন, আপনাদের দাবি-দাওয়ার ব্যাপারে সরকারের ভূমিকা ইতিবাচক। সংসদীয় কমিটির পক্ষ থেকে এ ব্যাপারে সুপারিশ পাঠানো হয়েছে মন্ত্রণালয়ে। আগামী সংসদে বিষয়গুলো উত্থাপিত হবে বলে তিনি জানান। তিনি শিক্ষকদের জাতি গড়ার কারিগর আখ্যায়িত করে বলেন, আপনাদের দাবির পক্ষে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরাও একমত। সরকার এরই মধ্যে শিক্ষকদের আলাদা বেতন স্কেল দেয়ার ঘোষণা দিয়েছে। একটি অসাম্প্রদায়িক ও সার্বজনীন শিক্ষানীতি প্রণীত হচ্ছে। তা বাস্তবায়নে তিনি শিক্ষকসহ সব মহলের সহায়তা কামনা করেন। মুহম্মদ জাফর ইকবাল বলেন, যতদিন পর্যন্ত জাতি হিসেবে শিক্ষকদের উপযুক্ত মর্যাদা আমরা দিতে পারব না, ততদিন পর্যন্ত লক্ষ্যে যাত্রা শুরু সম্ভব হবে না। এজন্য তিনি শিক্ষকদের যৌক্তিক ও মানসম্মত জীবন-জীবিকার জন্য সুবিধাদি নিশ্চিতের আহ্বান জানান।